Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১১ আষাঢ় ১৪৩২

# DU in Media

25 June 2025

## দৈনিক বাংলা



# শিক্ষা খাতের সংস্কারে সময়সীমা নির্দিষ্ট করে পদক্ষেপ নেওয়া দরকার

শিক্ষা উপদেষ্টা

বাসস

শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার বলেছেন, শিক্ষাখাতের সংস্কারে শুধু আলোচনা নয়, সময়সীমা নির্দিষ্ট করে কার্যকর পদক্ষেপ নেওয়া দরকার।

## মানবকণ্ঠ



শিক্ষা উপদেষ্টা

# শিক্ষকদের প্রশিক্ষণের অভাব শিক্ষাব্যবস্থায় হতাশার কারণ

নিজস্ব প্রতিবেদক

শিক্ষকদের উপযুক্ত প্রশিক্ষণ না দেয়াকেই দেশের শিক্ষাব্যবস্থায় হতাশার একটি বড় কারণ হিসেবে উল্লেখ করেছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১১ আষাঢ় ১৪৩২ — 25 June 2025

## The New Age




Dhaka University's Salimullah Muslim Hall authorities bring out a rally with the participation of vice-chancellor Professor Niaz Ahmed Khan on the occasion of the 153rd birth anniversary of Nawab Sir Salimullah on the campus on Tuesday. — Press release

## The New Nation



### DU marks Nawab Salimullah's 153rd birth anniv

DU Correspondent

The Dhaka University (DU) administration celebrated the 153rd birth anniversary of Nawab Sir Khwaja Salimullah Bahadur known as Nawab Sir Salimullah who played a pivotal role establishing the university with befitting manners.

Though Nawab Sir Salimullah was visionary behind the establishment of the university, the DU shown negligence paying respect to him over last years. However, after the mass uprising of 2024, the current DU administration took a number of programs commemorating his birthday anniversary.

## দৈনিক বর্তমান




নবাব স্যার সলিমুল্লাহ'র ১৫৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের উদ্যোগে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান র‍্যালিতে নেতৃত্ব দেন। র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদ এবং হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও অ্যালামনাইবৃন্দ অংশ নেন।

## আজকালের খবর




### নবাব সলিমুল্লাহর ১৫৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাবিতে র‍্যালি

নবাব স্যার সলিমুল্লাহ'র ১৫৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের উদ্যোগে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান র‍্যালিতে নেতৃত্ব দেন। র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদ এবং হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনসহ হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও অ্যালামনাইবৃন্দ অংশ নেন। বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# The Bangladesh Today

## DU students research seminar held

DHAKA: A seminar on research for students was held at the RC Majumder Arts Auditorium on Tuesday, at the initiative of the Department of English, Dhaka University. Professor Dr. Mamun Ahmed, Pro-Vice Chancellor (Education), Dhaka University, addressed the seminar as the chief guest, a press release said.

The event was presided over by Professor Dr. Jerin Alam, Chairperson of the Department of English, Dhaka University, and Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan, Dean of the Faculty of Arts, was present as the special guest. Emeritus Professor of the Department of English Dr. Syed Manjurul Islam, Convener of the event Professor Dr. Bijoy Lal Basu, and departmental teachers and students were present.

Professor Dr. Mamun Ahmed, Pro-Vice Chancellor (Education), Dhaka University, said that such initiatives play a very important role in motivating students to do research. Through this, a student, starting from selecting the research topic and being involved in the entire process, will acquire the qualifications to become a skilled researcher in the future. This is a unique opportunity for students. He said that if the research capabilities of the students can be properly utilized, the hopes and aspirations of the people towards Dhaka University can be fulfilled to a large extent. In addition to the research of the teachers, if the research of the students can be presented properly, it will also play a role in the university ranking. He assured that the university administration will provide all kinds of cooperation to the research work of the students of Dhaka University.

It is worth noting that out of the 17 research proposals received from the students, 8 selected research proposals were presented at the seminar.



A seminar on student research was organized by the Department of English, Dhaka University, Tuesday, at the RC Majumder Arts Auditorium. Dhaka University Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed addressed the seminar as the chief guest. Photo: Courtesy

## দৈনিক বাংলা

# স্টেট ইউনিভার্সিটির নতুন উপাচার্য ঢাবির অধ্যাপক আখতার হোসেন খান

করপোরেট ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো. আখতার হোসেন খানকে স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এসইউবি) উপাচার্য হিসেবে নিয়োগ দিয়েছে সরকার।

ড. আখতার হোসেন চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলার বাসিন্দা। মাধ্যমিক পাস করেন কুমিল্লার মুরাদনগর উচ্চবিদ্যালয় থেকে ও উচ্চমাধ্যমিক চট্টগ্রাম সরকারি কলেজ থেকে। এরপর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগে ভর্তি হয়ে অনার্স ও মাস্টার্সে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হন। মাস্টার্সে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন তিনি।

উচ্চশিক্ষার জন্য ড. আখতার হোসেন যুক্তরাষ্ট্রের কানসাস স্টেট ইউনিভার্সিটিতে যান। সেখানে তিনি পিএইচডি ও পোস্ট-ডক্টরাল ফেলোশিপ সম্পন্ন করেন। এই সময় তিনি নীল ও ফ্লোরেন্স ই. মোরহাউস গ্র্যাজুয়েট স্কলারশিপ, রস্কো এলিস জুনিয়র গ্র্যাজুয়েট স্কলারশিপসহ আরো কয়েকটি আন্তর্জাতিক সম্মাননা লাভ করেন। পড়াশোনার পাশাপাশি তিনি ছিলেন বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনের সঙ্গে যুক্ত। তিনি কানসাস স্টেট ইউনিভার্সিটির ছাত্র সংসদের গ্র্যাজুয়েট সিনেটর, আন্তর্জাতিক সমন্বয় পরিষদের ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও ইসলামিক সেন্টার অব ম্যানহাটনের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

দেশে ফিরে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে যোগ দেন। পরে ২০১৭ সালে গ্রেড-১ পদে অধ্যাপক হিসেবে পদোন্নতি পান। তিনি মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান, জীববিজ্ঞান অনুষদের ডিন ও আমর একুশে হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন।

এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য এবং টানা দুই মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (ডুটার) সহ-সভাপতি হিসেবেও নির্বাচিত হন।